মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

প্রতিষ্ঠান প্রধানদের করনীয়

প্রতিষ্ঠান প্রধানগণ www.jessoreboard.gov.bd এর Question Bank মেনু হতে লগইন পেজ এ ইউজার আইডি হিসেবে প্রতিষ্ঠানের EIIN এবং যশোর শিক্ষা বোর্ড হতে পূর্বে প্রদত্ত পাসওয়ার্ড দিয়ে লগইন করুন। এরপর বামপাশের মেনুবার থেকে Manage Teacher < Approved list এ ক্লিক করলে সকল শিক্ষকের তালিকা পাওয়া যাবে। তালিকার ডানপাশের Allote Class/Subject-এ ক্লিক করে আপনার প্রতিষ্ঠানের যে শিক্ষক যে শ্রেণির যে বিষয়ে পাঠদান করেন তা নির্বাচন করে দিতে হবে। প্রতিষ্ঠান প্রধান বিষয় নির্বাচন না করলে কোন শিক্ষকই প্রশ্ন আপলোড করতে পারবেন না।

প্রশ্ন ব্যাংক আপলোড প্যানেল ম্যানুয়াল

আপনার কম্পিউটারের ব্রাউজারটি ওপেন করে অ্যাড্রেসবার এ www.jessoreboard.gov.bd ঠিকানাটি লিখুন। প্রবেশ করার পর আপনি নিচের মত যশোর শিক্ষা বোর্ড এর হোম পেজটি পাবেন।



হোমপেজের উপরে বাম দিকে *Question Bank* মেনুতে ক্লিক করলে নিচের পেজটি আসবে।

এর পর নিচের লাল রং এর ENTER বাটনে ক্লিক করলে Sign in / Login পেজটি ওপেন হবে।
যথাস্থানে আপনার USER NAME ও PASSWORD দিয়ে আপনার অ্যাকাউন্টে প্রবেশ করুন। Teacher login এর জন্য USER NAME আপনার যশোর বোর্ড এর OTP ID এর আগে 13 যোগ করলে পাবেন। আর ডিফল্ট পাসওয়ার্ড হিসেবে আপনার জন্ম তারিখ (YYYYMMDD ফরম্যাটে) আছে। যেমন কারো যশোর বোর্ড এর OTP ID 0000033012 ও জন্ম তারিখ ২০-১২-১৯৭৭ হলে তার USER NAME হবে 130000033012 আর PASSWORD হবে 19771220। লগইন করার পর আপনি নিচের ড্যাসবোর্ডটি পাবেন। **(Instituite Login ও করনীয় সম্পর্কে জানতে ম্যানুয়ালের নিচের অংশে দেখুন।)**



প্রথম বার লগইন করার পর অবশ্যই পাসওয়ার্ডটি পরিবর্তন করে নিন। লগইন করার পর Dash board এর My profile মেনুতে ক্লিক করে আপনার প্রোফাইলটি আপডেট করুন ও পাসওয়ার্ড তৈরি করে নিন এবং পাসওয়ার্ডটি খুব গোপনে সংরক্ষণ করুন। পাসওয়ার্ডটি অবশ্যই ন্যূনতম নয় ক্যারেক্টার হবে এবং ABC…, abc…,123…. ও !@#$%& (কমপক্ষে ১টি বড় হাতের,১টি ছোট হাতের ও ১টি সংখ্যা) এর কম্বিনেশন হবে। যেমন একজন MODHUMITA শব্দটি পাসওয়ার্ড হিসেবে ব্যবহার করতে চান। এর নমুনা এমন হতে পারে- m0Dhuum1t@, তবে পাসওয়ারড হিসেবে কখনোই নিজের নাম বা সহজে অনুমান করা যায় এমন কিছু ব্যবহার করবেন না।

এবার SUBMIT button ক্লিক করে আপনার প্রফাইল ও পাসওয়ার্ড আপডেট করুন। এখন আপনি প্রশ্ন করার জন্য প্রস্তুত।

এরপর প্রশ্ন করার জন্য Manage Question বাটনে ক্লিক করুন। NikoshBAN ফন্ট ও Avro Keyboard ব্যবহার করুন।

Manage Question বাটনে ক্লিক করার পর ড্রপ ডাউন লিস্ট থেকে Creat Question এ ক্লিক করুন।
এরপর আপনি সৃজনশীল না বহুনির্বাচনী প্রশ্ন প্রণয়ন করতে চান তা নির্বাচন করুন।

ধরুন আপনি **সৃজনশীল প্রশ্ন** করতে চান। তাহলে আপনি Creative Question Button এ ক্লিক করুন।



Creative Question Button এ ক্লিক করার পর আপনি যে পেজটি পাবেন সেখানে ক্লাস ও সাবজেক্ট সিলেক্ট করে Next Button এ ক্লিক করে পরবর্তি পেজ এ যান। এই পেজটি হল আপনার প্রশ্নটি করার মূল পেজ। উদ্দীপকে ছবি আপলোড করতে চাইলে আপনার ছবিটি স্ক্যান করে আগে ল্যাপটপ/পিসি তে সেভ করে রাখুন। তারপর Browse Button এ ক্লিক করে ছবিটি আপলোড করুন। এবার গ ও ঘ নং প্রশ্নের জন্য চ্যাপ্টার সিলেক্ট করুন। একটি চ্যাপ্টার সিলেক্ট করতে চ্যাপ্টারের উপর মাউস পয়েন্টার নিয়ে right click করুন আর একাধিক চ্যাপ্টার সিলেক্ট করতে হলে Ctrl Key চেপে মাউসের right click করুন।
চ্যাপ্টার সিলেক্ট করার পর আপনি চ্যাপ্টারের নিচে যে যে চ্যাপ্টার সিলেক্ট করেছেন সেই সেই চ্যাপ্টারের শিখনফল (লার্নিং আউটকাম) পাবেন
একইভাবে প্রত্যেক প্রশ্নের জন্য Learning Outcome নির্বাচন করুন। **মনে রাখবেন ঘ নং প্রশ্নের জন্য অবশ্যই আপনাকে কমপক্ষে দুটি শিখনফল নির্বাচন করতে হবে যার একটি গ এর অনুরুপ হতে পারে কিন্তু অন্যটি অবশ্যই সম্পূর্ণ নতুন হবে।** এরপর উদ্দীপক লিখিত বক্সে আপনার উদ্দীপকটি টাইপ করুন।

উদ্দীপকে সমীকরণ লিখতে চাইলে fx চিহ্নিত বাটনে ক্লিক করে Equation Editor ওপেন করুন।



এরপর সমীকরণটি লিখে OK বাটন ক্লিক করে উদ্দীপকে সমীকরণটি প্রবেশ করান।



নিচে সমীকরণ লেখার একটি নমূনা দেখুন।



আপনি যদি উদ্দীপক ছাড়া অন্য কোনো ফিল্ড এ (প্রশ্নের অংশে) সমীকরণ লিখতে চান তাহলে আগে সমীকরণটি ষ্টেম (উদ্দীপক) এর ঘরে লিখে কপি করে সেই ফিল্ডে সমীকরণটি পেস্ট করবেন। কারণ সার্ভারের উপর চাপ কমানোর জন্য সব ফিল্ড এ **Equation Editor** দেওয়া সম্ভব হয়নি। নিচে একটি উদাহরণ দেখুন। যে সমীকরণটি অন্য কোথাও লিখতে চান সেটি প্রথমে Equation Editor ব্যবহার করে উদ্দীপক বক্সে লিখে ফেলুন। তারপর Equation টির উপর মাউস পয়েন্টার রেখে মাউসের Right Button ক্লিক করুন।



নিচের মত পেজ আসবে। এখান থেকে পুরো URL টি কপি করুন ।



যেখানে আপনি সমীকরণটি লিখতে চান সেখানে URL টি পেস্ট করে **URL এর শেষে একটি # চিহ্ন যোগ করুন।** ব্যাস, আপনার কাজ শেষ। ভয় পাবেন না, ওখানে কিন্তু আপনার পেস্ট করা সমীকরণটি সমীকরণ আকারে দেখাবে না, URL টি দেখাবে। আপনি আপনার করা প্রশ্নটি সাবমিট করার পর সেটি সকল ফিল্ড এ সমীকরণ আকারে থাকবে।

দেখুন, আমি নমুনা হিসেবে একটি সমীকরণ লিখে সেটির লিঙ্ক (URL) ক, খ, গ ও ঘ সকল প্রশ্নের ঘরে পেস্ট করেছিলাম।